

৩৫

৩৩

সাবেক ভিসি মান্নানকে নাজেহাল অনভিপ্রের্ত ও দুঃখজনক

সর্বদলীয় ছাত্রঐক্য গতকাল (শনিবার) এক বিবৃতিতে কতিপয় দক্ষতকারী কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আবদুল মান্নানকে নাজেহাল এবং জোরপূর্বক বিবৃতি লিখাইয়া নেওয়ার ঘটনার তীব্র নিন্দা করিয়াছে।
বিবৃতিতে বলা হয়, দীর্ঘ আন্দোলন - সংগ্রামের মাধ্যমে স্বৈরাচারের পতনের পর যখন ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ

শিক্ষা কার্যক্রম চলিতেছে—ঠিক সেই মুহূর্তে এই ধরনের ঘটনা অনভিপ্রের্ত ও দুঃখজনক।
বিবৃতিতে ঘটনার সহিত জড়িত ব্যক্তিদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানাইয়া ছাত্রসমাজকে এক্যবদ্ধভাবে সকল সম্মানী ঘটনা প্রতিরোধ করার আহ্বান জানান হয়।
ডাকসুর সাবেক জিএস যুগ (শেষ পৃ: ১-এর কঃ সঃ)

ছাত্রঐক্য

(১ম পৃ: পর)

তাক হোসেন গতকাল (শনিবার) এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১ জন ছাত্রের বহিষ্কার-দেশকে কেন্দ্র করিয়া গত শুক্রবার কতিপয় যুবক কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আবদুল মান্নানের সহিত ন্যাকারজনক আচরণকে ফ্যাসিবাদী ও দস্যুতার শামিল বলিয়া বর্ণনা করিয়াছেন।

বিবৃতিতে তিনি বলেন, এই ধরনের কার্যকলাপ গণতন্ত্র প্রতিষ্ঠার পথে শুধু বাধাই নয়, পুরাতন সম্মানী ও ভয়-ভীতিমূলক পরিস্থিতি সৃষ্টি করিয়া গণতান্ত্রিক পরিবেশকে বিধ্বিত করার প্রচেষ্টা ছাড়া আর কিছু নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আবদুল মান্নানকে নাজেহাল করার ঘটনার নিন্দা প্রকাশ করিয়া ছাত্রলীগ (আ-অ) গতকাল এক বিবৃতি প্রদান করিয়াছে। বিবৃতিতে এই ঘটনায় ছাত্রদল নেতা ইলিয়াস আলীকে দায়ী করিয়া বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নামধারীরা সম্মান পরিচালনা করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বাধ্য হইয়া চিহ্নিত সম্মানসকারীদেরকে বহিষ্কার করে। কর্তৃপক্ষের এই সিদ্ধান্ত ছিল সময়োপযোগী।